দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 MAR 2009
পৃষ্ঠা ৫ কলাম ৭




নেদারল্যান্ডস দূতাবাস ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউটের মধ্যে গতকাল চুক্তিতে সই করেন ঢাকায় ডাচ রাষ্ট্রদূত বি টেন টুশের এবং ব্র্যাকের চেয়ারপার্সন ফজলে হাসান আবেদ

# ব্র্যাক বিশ্ববিদ্যালয়কে ডাচ সরকারের অর্থ সহায়তা

॥ কূটনৈতিক রিপোর্টার ॥

ঢাকাস্থ ডাচ দূতাবাস ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এক চুক্তির আওতায় নেদারল্যান্ডস উন্নয়ন সহযোগিতা কর্মসূচীর অংশ হিসেবে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশনাল ডেভেলপমেন্ট প্রকল্পে পাঁচ বছরে ৫০ কোটি ৪০ লাখ টাকা সহায়তা দেবে ডাচ সরকার। ঢাকায় নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত বে টেন টুইসার ও ব্র্যাকের চেয়ারপার্সন ফজলে হাসান আবেদ গতকাল সোমবার ঢাকার ওয়েস্টিন হোটেলে এক অনুষ্ঠানে এ সংক্রান্ত চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয় শিক্ষা গবেষণা, প্রশিক্ষণ ও এডভোকেসি কর্মসূচি গ্রহণের মাধ্যমে শিক্ষার মান, দক্ষতা ও সমতা অর্জনে এ অর্থ কাজে লাগাবে। অনুষ্ঠানে বাংলাদেশের প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন ডাচ রাষ্ট্রদূত। এক্ষেত্রে তিনি বেসরকারি সংস্থাগুলোর ভূমিকার কথাও বিশেষ ভাবে উল্লেখ এবং শিক্ষা ও শিশুদের গুণগত মান বৃদ্ধিতে সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগেরও প্রশংসা করেন।